২। আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :

যে সকল ছাত্র-ছাত্রী ২০১২ বা ২০১৩ সালে এস.এস.সি/সমমান এবং ২০১৪ বা ২০১৫ সালে এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে সকল ছাত্র-ছাত্রী কেবলমাত্র নিম্নবর্ণিত যোগ্যতা থাকলে উপরোক্ত ইউনিটসমূহের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে।

| ইউনিট নাম | এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/ সমমান পরীক্ষায় চতুর্থ বিষয়সহ জিপিএ | এইচ.এস.সি/সমমান পরীক্ষার বিষয় বা বিষয়সমূহে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
|---|---|---|
| KA- ইউনিট | উভয় পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ৩.০০ সহ সর্বমোট ৬.৫০ থাকতে হবে। | ইংরেজি বিভাগে ভর্তির ক্ষেত্রে- এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/ সমমান পরীক্ষায় ইংরেজিতে ন্যূনতম বি গ্রেড থাকতে হবে। |
| KHA-ইউনিট | বিজ্ঞান শাখায় উভয় পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ৩.০০ সহ সর্বমোট ৭.০০ থাকতে হবে। | এইচ.এস.সি/ সমমান পরীক্ষায় গণিত ও পদার্থ বিজ্ঞান থাকতে হবে এবং উক্ত বিষয়দ্বয়ে ন্যূনতম "বি" গ্রেড থাকতে হবে। |
| | ডিপ্লোমাধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রত্যেকটিতে ন্যূনতম জিপিএ ২.৫ সহ সর্বমোট ৬.০০ থাকতে হবে (৪.০০ এর মধ্যে)। | |
| GA-ইউনিট | উভয় পরীক্ষায় প্রত্যেকটিতে সর্বনিম্ন জিপিএ ৩.০০ থাকতে হবে। | |
| | ১) ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখা- উভয় পরীক্ষায় সর্বমোট জিপিএ ৬.৫০। | |
| | ২) বিজ্ঞান, কারিগরি ও অন্যান্য শাখা- উভয় পরীক্ষায় সর্বমোট জিপিএ ৭.০০। | |
| GHA-ইউনিট | উভয় পরীক্ষায় প্রত্যেকটিতে সর্বনিম্ন জিপিএ ৩.০০ থাকতে হবে। | ভর্তির ক্ষেত্রে ইংরেজিতে অবশ্যই ১২ নম্বর পেতে হবে। |
| | ১) বিজ্ঞান শাখা- উভয় পরীক্ষায় সর্বমোট জিপিএ ৭.০০। | |
| | ২) মানবিক শাখা - উভয় পরীক্ষায় সর্বমোট জিপিএ ৬.০০। | |
| | ৩) মাদ্রাসা, কারিগরি ও অন্যান্য শাখা- উভয় পরীক্ষায় সর্বমোট জিপিএ ৭.৫০। | |
| | ৪) ব্যবসায় শিক্ষা শাখা - উভয় পরীক্ষায় সর্বমোট জিপিএ ৬.৫০। | |
| UMA- ইউনিট | উভয় পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ২.৫০ সহ সর্বমোট ৫.৫০ থাকতে হবে। | |
| | মাদ্রাসা/কারিগরি/গ্রি-ডিগ্রি(ফাইন-আর্টস)/আই মিউজ হতে পাশকৃতরাও আবেদন করতে পারবে। আই মিউজ/গ্রি-ডিগ্রি উত্তীর্ণ শিক্ষার্থীদের এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষায় ১ম বিভাগ=৩.৫(জিপিএ), ২য় বিভাগ=২.৫ (জিপিএ) হিসাবে গণ্য করা হবে। ৩য় বিভাগ প্রাপ্তরা আবেদন করতে পারবে না। | |

** সকল ইউনিটের ভর্তি পরীক্ষার সময় পরীক্ষার হলে ক্যালকুলেটর, মোবাইল ফোন, ডিজিটাল ঘড়ি বা অন্য কোন ইলেকট্রনিক্স ডিভাইস সাথে নিয়ে আসতে পারবে না।

৩। আবেদনের নিয়মাবলী :

(ক) ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে ম্যাসেজ অপশনে গিয়ে KNU ( স্পেস ) এইচএসসি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর ( স্পেস ) এইচএসসি পরীক্ষার রোল নম্বর ( স্পেস ) এইচএসসি পাসের সাল ( স্পেস ) এসএসসি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর ( স্পেস ) এসএসসি পরীক্ষার রোল নম্বর ( স্পেস ) এসএসসি পাসের সাল ( স্পেস ) কাঙ্খিত ইউনিটের কীওয়ার্ড (KA, KHA, GA, GHA, UMA) লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণ: KNU DHA 123456 2015 DHA 123456 2013 KA.(কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীদের ৩(চ) অনুসরণ করতে হবে)। উদাহরণটি ঢাকা বোর্ডের এবং KNU KA ইউনিটের জন্য। এখানে ১২৩৪৫৬ এর জায়গায় যথাক্রমে আবেদনকারীর নিজের এইচএসসি এবং এসএসসি পরীক্ষার রোল নম্বর দিতে হবে। আবেদনকারী ২০১৪ সালে এইচএসসি এবং ২০১২ সালে এস.এস.সি পাস করে থাকলে ২০১৫ এর জায়গায় ২০১৪ এবং ২০১৩ এর জায়গায় ২০১২ লিখতে হবে। ডিপ্লোমাধারী প্রার্থীদের মোবাইল ফোনের ম্যাসেজ অপশনে গিয়ে KNU( স্পেস ) DIP ( স্পেস ) DIP_Roll ( স্পেস ) Unit ( স্পেস ) Quota ( স্পেস ) Name এবং অন্যান্য প্রার্থীদের KNU( স্পেস ) OTH ( স্পেস ) HSC_Roll ( স্পেস ) Unit ( স্পেস ) Quota ( স্পেস ) Name লিখে ১৬২২২ নম্বরে SMS পাঠাতে হবে।

(খ) বিভিন্ন বোর্ডের জন্য লিখতে হবে কুমিল্লা (COM), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), সিলেট (SYL), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদ্রাসা (MAD), কারিগরি (Vocation-VOC, Diploma in Business Studies-DIB, Diploma in Commerce-DIC, HSC in Business Magagement-HBM)

(গ) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN নম্বর জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন ১৬২২২ নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে KNU( স্পেস ) YES ( ( স্পেস ) PIN নম্বর ( স্পেস ) মোবাইল নম্বর লিখে ১৬২২২ নম্বরে SMS পাঠাতে হবে। এখানে মোবাইল নম্বরের জায়গায় আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য নিজে ব্যবহার করতে পারে এমন কোন অপারেটরের একটি মোবাইল নম্বর লিখতে হবে।

উদাহরণ: KNU YES 654321 01XXXXXXXXX .

এই উদাহরণের ৬৫৪৩২১ এর জায়গায় আবেদনকারীর নিজ PIN নম্বরটি বসাতে হবে। উল্লেখ্য, সম্মতি জানিয়ে পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি বাবদ KA, KHA, GA, GHA ইউনিটের জন্য ৭০০/-(সাতশত) টাকা এবং UMA ইউনিটের জন্য ৯০০/-(নয়শত) টাকা কেটে নেওয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না।

(ঘ) আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলের পর্যাপ্ত পরিমান টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি SMS এর মাধ্যমে সাথে সাথেই ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেওয়া হবে। একবার SMS করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না।

(ঙ) 'O'/'A'লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণ: KNU GCE 123456 2015 KA ( স্পেস ) Name. এখানে ১২৩৪৫৬ এর জায়গায় আবেদনকারীর A-Level এর নিজ নিজ Candidate নম্বরটি বসাতে হবে।

(চ) কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীর ক্ষেত্রে: নির্দিষ্ট কোটায় আবেদন করতে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

নির্দিষ্ট কোটাসমূহ: মুক্তিযোদ্ধার সন্তান/নাতী-নাতনী কোটা (FFQ), উপজাতি কোটা (TQ), শারীরিক প্রতিবন্ধি কোটা (PDQ), পোষ্য কোটা (WQ), হরিজন ও দলিত গোষ্ঠী (HQ), যুদ্ধাহত মুক্তিযোদ্ধা (DFQ)।

উদাহরণ: KNU DHA 123456 2015 DHA 123456 2013 KA FFQ.

উদাহরণটি ঢাকা বোর্ডের এবং KNU KA ইউনিটের মুক্তিযোদ্ধা সন্তান (FFQ) কোটার জন্য। উল্লেখ্য যে, কোটায় আবেদনকারীরা অনলাইনে আবেদন করতে না পারলে পরবর্তীতে আর আলাদাভাবে কোন আবেদন গ্রহণ করা হবে না।

(ছ) আবেদনের পর যেকোন সময় PIN নম্বর ও ভর্তি পরীক্ষার রোল নম্বর জানতে হলে KNU ( স্পেস ) HELP ( স্পেস ) এইচএসসি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর ( স্পেস ) এইচএসসি পরীক্ষার রোল ( স্পেস ) পাসের সাল ( স্পেস ) ইউনিট লিখে 16222 তে SMS পাঠাতে হবে।

৪। ভর্তি ফি (টেলিটকের সার্ভিস চার্জসহ): KA, KHA, GA, GHA ইউনিটের জন্য ৭০০/-(সাতশত) টাকা এবং UMA ইউনিটের জন্য ৯০০/-(নয়শত) টাকা ।

৫। ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ও ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীর করণীয়:

(ক) আসন বিন্যাস যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদান করা হবে।

(খ) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.jkkniu.edu.bd-হতে Admit card ডাউনলোড করে পূরণ করার পর নির্দিষ্ট স্থানে দুই কপি পাসপোর্ট সাইজের ছবি গাম/আঠা দিয়ে সংযুক্ত করে পরীক্ষার হলে নিয়ে আসতে হবে। Admit card ছাড়া পরীক্ষার প্রবেশ করতে দেয়া হবে না।

(গ) এক ঘন্টা সময়ের জন্য ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। প্রতিটি প্রশ্নের নম্বর ১ তবে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। এসএসসি ও এইচএসসি'র জিপিএ এর উপর যথাক্রমে ১২ ও ১৮ নম্বর যোগ করে ফলাফল প্রকাশ করা হবে।

(ঘ) ভর্তি পরীক্ষায় ১০০ নম্বরের মানবন্টন নিম্নরূপ:

KA-ইউনিট: বাংলা-৫০, ইংরেজি-৫০। KHA-ইউনিট: ইংরেজি-২০, পদার্থ বিজ্ঞান-৪০, গণিত-৪০। GA-ইউনিট: আবশ্যিক: বাংলা-১০, ইংরেজি-২৫, গণিত-১৫, ঐচ্ছিক: ব্যবসায় ও কারিগরি শাখার জন্য হিসাববিজ্ঞান-২৫, ব্যবসায় নীতি ও প্রয়োগ-২৫ এবং অন্যান্য শাখার জন্য সাধারণ জ্ঞান-৫০। GHA-ইউনিট: বাংলা-২০, ইংরেজি-৩০, সাধারণ জ্ঞান (বাংলাদেশ বিষয়াবলী-২০ ও আর্ন্তজাতিক বিষয়াবলী-১৫)=৩৫, গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা-১৫। KA, KHA, GA, GHA ইউনিটের লিখিত পরীক্ষার পাশ নম্বর-৪০। UMA-ইউনিট: বাংলা-২০, ইংরেজি-২০, বিষয়ভিত্তিক (সঙ্গীত, চারুকলা, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ ও ফিল্ম এন্ড মিডিয়া) ১৫x৪=৬০ এবং ব্যবহারিক পরীক্ষা-১০০। UMA ইউনিটের লিখিত পরীক্ষার পাশ নম্বর-৩৫, ব্যবহারিক পরীক্ষার পাশ নম্বর-৫০। কোটায় ভর্তির ক্ষেত্রে সকল ইউনিটের লিখিত পরীক্ষার পাশ নম্বর-৩৩ এবং ব্যবহারিক পরীক্ষার পাশ নম্বর-৪০। কোটায় ভর্তির ক্ষেত্রে ইউনিটের বিভাগীয় শর্ত প্রযোজ্য নয়।

৬। আবেদন করার সময়সীমা: ২০ সেপ্টেম্বর/২০১৫ থেকে ১৪ নভেম্বর/২০১৫ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত।

৭। ভর্তি পরীক্ষার তারিখ:

| ইউনিট | তারিখ | বার |
|---|---|---|
| GHA | ২২/১১/২০১৫ | রবিবার |
| GA | ২৩/১১/২০১৫ | সোমবার |
| KHA | ২৪/১১/২০১৫ | মঙ্গলবার |
| KA | ২৫/১১/২০১৫ | বুধবার |
| UMA | ২৬/১১/২০১৫ | বৃহস্পতিবার |

* আসন বিন্যাস ও পরীক্ষার সময়সূচী পরবর্তীতে জানানো হবে।

৮। ভর্তি পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী www.jkkniu.edu.bd ওয়েব সাইট-এ ভর্তি নির্দেশিকা থেকে পাওয়া যাবে।